গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিপুর, ঠাকুরগাঁও

# মে ২০২৫ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃশাফিউল মাজলুবিন রহমান<br>প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও |
| তারিখ | : | ২৮ মে ২০২৫খ্রিঃ |
| সময় | : | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | : | উপজেলা পরিষদ সভা কক্ষ, হরিপুর |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক" তে সংরক্ষিত**

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

সভায় মে ২০২৫ মাসে উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করা হয় এবং নিম্নবর্ণিতভাবে আলোচনা ও সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

**০১।বিভাগী/দপ্তর ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্তঃ**

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন সভায় জানান, অত্র ইউনিয়নের মারাধার, মেদনীসাগর, সরকারটলি গ্রামের রস্তায় যাতায়াত ব্যবস্থা ভালো না। এজন্য এই রাস্তাগুলোতে রাবিশ দিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করেন। | অত্র ইউনিয়নের রাস্তায় রাবিশ দিতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ১ নং গেদুড়া ইউনিয়ন পরিষদ |
| চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, ২নং আমগাঁও ইউনিয়ন সভায় জানান, অত্র ইউনিয়নের যাদুরানী বাজারের রাস্তায় সাধারণ জনগণ রাস্তায় খড় শুকাতে দেয় এটি যেন না করা হয় সেজন্য সভায় দৃষ্টিআকর্ষণ করেন। | রাস্তায় খড় শুকানো বন্ধ করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ২ নং আমগাঁও ইউনিয়ন পরিষদ |
| চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৩ নং বকুয়া ইউনিয়ন সভায় জানান, অত্র ইউনিয়নের ধীরগঞ্জ রাস্তায় বর্ষার সময় কাদা হয় ফলে মানুষের যাতায়াত করতে সমস্যা হয় সেজন্য ঐ রাস্তাগুলোতে রাবিশ দিতে হবে। | অত্র ইউনিয়নের রাস্তায় রাবিশ দিতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ৩ নং বকুয়া ইউনিয়ন পরিষদ |
| চেয়ারম্যান ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান ৫ নং হরিপুর অত্র ইউনিয়নে গত কয়েকদিন আগের ঝড়ে অনেক বাড়িঘর ও মানুষের ক্ষয়ক্ষতি হয়েছে যার কারণে তাদের কে কিছু আর্থিক সহায়তা দেয়ার অনুরোধ জানান। | ঝড়ে ক্ষতিগ্রস্তদের চিহ্নিত করে তালিকা প্রস্তুতসহ আর্থিক সহায়তা প্রদান করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | ১. প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২. উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর<br>৩. চেয়ারম্যান, ৫ নং হরিপুর ইউনিয়ন পরিষদ |

| | | | |
|---|---|---|---|
| কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরে চলমান প্রনোদনা সফলভাবে বিতরণ করা হয়েছে। এছাড়াও অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা কৃষি কর্মকর্তা, হরিপুর |
| স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, এখন ল্যাম্পি ভাইরাসের প্রবণতা বেড়ে গেছে এজন্য সকলকে সচেতন হতে হবে এছাড়াও অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | ল্যাম্পি ভাইরাস রোধে কাজ করতে হবে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হরিপুর |
| মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, হরিপুর |
| পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হরিপুর |
| প্রকৌশলি দপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান, অত্র উপজেলা পরিষদের অভ্যন্তরে ১টি পুরাতন পরিত্যক্ত হলরুম ভবন রয়েছে। পরিদর্শনপূর্বক জানান যে, পরিত্যক্ত ভবনটি জরাজীর্ণ অবস্থায় রয়েছে। যা জরুরি ভিত্তিতে কনডেম ঘোষণাসহ নিলামে বিক্রয়ের অপসারণ করা প্রয়োজন। এছাড়াও ভাতুরিয়া ইউনিয়ন ভূমি অফিসের একটি পুরাতন ভবন রয়েছে ; যা জরুরি ভিত্তিতে কনডেম ঘোষণাসহ নিলামে বিক্রয়ের অপসারণ করা প্রয়োজন। ভবনগুলি বর্তমান অবস্থা খুবই খারাপ ও বসার অনুপযোগী হওয়ায় জনডেম ঘোষণাসহ নিলামে বিক্রয়ের জন্য করুরি ভিত্তিতে প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। উপসহকারী প্রকৌশলী সরেজমিনে যাচাইপূর্বক প্রাক্কলন প্রস্তুত করেছেন। প্রাক্কলন অনুযায়ী উপজেলা পরিষদ পুরাতন হলরুম ভবন নিলামে বিক্রয়ের প্রাক্কিলত মূল্য-৯৩,৭৯৩.৮৭ টাকা এবং ভাতুরিয়া ইউনিয়ন ভূমি অফিসের পুরাতন ভবন নিলামে বিক্রয়ের প্রাক্কলিত মূল্য-১৪,৯৪২/- টাকা; যা কনডেম ঘোষণাসহ নিলামে বিক্রয়ের লক্ষ্যে জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয়ের প্রশাসনিক অনুমোদন প্রয়োজন।<br>এছাড়াও উপসহকারী প্রকৌশলী জানায়, অত্র উপজেলায় পাবলিক লাইব্রেরী স্থাপনের নিমিত্ত ২০২৪-২৫ অর্থবছরে স্থানীয় সরকার বিভাগ হতে ৫৩,০০,০০০/- টাকা বরাদ্দ পাওয়া গেছে। পাবলিক লাইব্রেরী নির্মাণের জন্য স্থান নির্বাচন করা প্রয়োজন। | (১) বিস্তারিত আলোচনান্তে উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে . প্রস্তাবিত পুরাতন ভবন কনডেম ঘোষণাসহ নিলামে বিক্রয়ের লক্ষ্যে প্রাপ্ত প্রক্কলন দুটি অনুমোদন করা হয় এবং প্রশাসনিক অনুমোদনসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২৫ অর্থবছরে পাবলিক লাইব্রেরী স্থাপনের নিমিত্ত উপজেলা পরিষদের ভিতরে অথবা বাহিরে সুবিধাজনক স্থানে পাবলিক লাইব্রেরী নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হলো এবং সময় স্বল্পতার কারণে আরএফকিউ কোটেশনের মাধ্যমে পাবলিক লাইব্রেরী নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও<br>৩। উপজেলা প্রকৌশলী , হরিপুর , ঠাকুরগাঁও |
| শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হরিপুর |
| মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা , হরিপুর |

| | | | |
|---|---|---|---|
| জনস্বাস্থ্য প্রকৌশল | উপজেলা প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াসব্লক এর নির্মাণাধীন কাজ চালু আছে। অন্যান্য দাপপ্তরি কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | জনস্বাস্থ্য প্রকৌশল, হরিপুর |
| উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হরিপুর |
| যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, অত্র দপ্তরের আওতায় প্রশিক্ষণ, ঋণ বিতরণ, ঋণ আদায় সন্তোষজনকভাবে চলছে। জনবলের শূন্যতা রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরি কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হরিপুর |
| সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়াও তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা, হরিপুর |
| খাদ্য দপ্তর | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, অত্র দপ্তরের আওতায় বোরো ধান ও চাল/২০২৫ কার্যক্রম চলমান। কৃষকের নিকট থেকে এবং অনুমোদিত কৃষকের নিকট থেকে ঋণ সংগ্রহ চরমান এবং চুক্তিবদ্ধ মিলারের নিকট থেকে চাল সংগ্রহ কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, হরিপুর |
| পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হরিপুর |
| উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, হরিপুর |
| প্রকল্প বাস্তবায়ন দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, যে কোন প্রকার ক্ষয়ক্ষতি অগ্নিকান্ড এইসকল খবর অত্র দপ্তর তাৎক্ষণিক পাই না এই খবরগুলো যাতে অত্র দপ্তরকে দ্রুত অবহিত করা হয় সেতজন্য সকলকে অনুরোধ করেন। | ক্ষয়ক্ষতি অগ্নিকান্ড এইসব খবর যাতে অত্রাফিসকে জানানো হয়ে এবং দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হরিপুর |
| মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হরিপুর |
| সেটেলমেন্ট বিভাগ | উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, অত্র দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা সেটেলমেন্ট কর্মকর্তা, হরিপুর |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন বোর্ড কর্মকর্তা সভায় জানান, প্রশিক্ষণ চলমান রয়েছে এছাড়াও তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, হরিপুর |
| বন বিভাগ | ফরেস্টার, সভায় জানান, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | ফরেস্টার, হরিপুর |
| বরেন্দ্র দপ্তর | সহকারী প্রকৌশলী বিএমডিএ(প্রতিনিধি) সভায় জানান, অত্র দপ্তরের তেমন কোন সমস্যা নেই। এছাড়াও দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | সহকারী প্রকৌশলী বিএমডিএ, হরিপুর |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশ, হরিপুর |
| তথ্য আপা | উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় জানান, উপজেলা তথ্যকেন্দ্র অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তেমন কোন সমস্যা নেই। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে | উপজেলা তথ্য কর্মকর্তা, হরিপুর |

| | | | |
|---|---|---|---|
| বাংলাদেশ পল্লী বিদ্যুৎ সমিতি | সহকারী জেনারেল ম্যানেজার(প্রতিনিধি) সভায় জানান, বিদ্যুৎ একটি অপরিহার্য বিষয় তাই অত্র দপ্তর এটিতে সার্বক্ষণিক কাজ করে যাচ্ছে। এছাড়াও তার দপ্তরের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। | বাংলাদেশ পল্লী বিদ্যুৎ সমিতি, হরিপুর |
| উপজেলা নির্বাহী অফিসার | সভাপতি সভায় জানান, জুন/২০২৫ মাসে পবিত্র ঈদ-উল-আযহা যথাযথ মর্যাদায় উদযাপনের বিষয়ে আলোকপাত করেন। অত:পর তিনি জানান কোরবানি পশু ক্রয় বিক্রয়, নির্দিষ্ট স্থানে পশু কোরবানি, বর্জ্য অপসারণ, কোরবানি পশুর কাঁচা চামড়া যথাযথভাবে সংগ্রহ ও সংরক্ষণ করার লক্ষ্যে জুম্মার নামাযের বয়ানে এবং প্রতি ওয়াক্ত নামাযের আগে ও পরে নিয়মিত প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করেন। এছাড়া সকল দপ্তর প্রধানগণকে তাদের নিজ নিজ দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রাখতে অনুরোধ জানান। | কোরবানি উপলক্ষ্যে স্থানীয় গরু যেন ঢাকায় নির্বিঘ্নে যায় সে লক্ষ্যে ইজারাদারদের অনুরোধ করা হয় এবং পশুর হাটে পকেটমার, ছিনতাই ইত্যাদি অপরাধরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান ও অফিসার ইনচার্জ, হরিপুর ব্যবস্থা নিবেন। সকল দপ্তরের দাপ্তরিক কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে অনুরোধ করেন। | (১) উপজেলা পর্যায়ের সকল দপ্তর প্রধানগণ (২) অফিসার ইনচার্জ, হরিপুর (৩) সকল ইউপি চেয়ারম্যান (৪) সকল মসজিদের ঈমামগণ |

**০৩।বিবিধঃ**

(০১) আলোচনায় প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদে মে/২৫ মাসে অগ্রিম আপ্যায়ন খাতে ৩০,০০০/- (ত্রিশ হাজার টাকা মাত্র) এবং মে/২৫খ্রিঃ মাসে অগ্রিম আনুষাঙ্গিক খাতে ৫,০০০/- টাকা ব্যয় হবে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| আনুষাঙ্গিক ও আপ্যায়ন ব্যয় বাবদ মোট ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

২) আলোচনায় প্রশাসক উপজেলা পরিষদ, হরিপুর জানান যে, অত্র পরিষদে মে/২০২৫খ্রিঃ মাসে ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইন্টারনেট খাতে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রকাশক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৩) আলোচনায় প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর সভায় জানান যে, অত্র উপজেলা পরিষদের উপজেলা সমাজসেবা অফিসে গাছ পরে গিয়ে টিন ও সেলিং নস্ট হয়ে গেছে, ওয়াল ভেঙ্গে গেছে এবং বাথরুম নষ্ট হওয়ায় তা মেরামত ও সংস্কার বাবদ ৪,০০,০০০/-(চার লক্ষ টাকা মাত্র)ব্যয় হয়েছে। উক্ত ব্যয় অনুমোদন হওয়া প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| অত্র উপজেলা সমাজসেবা কার্যালয়ের নতুন টিন ক্রয়, বাথরুম টাইলস, সেলিং সংযোজন, ওয়াল নির্মাণ বাবদ ব্যয়কৃত ৪,০০,০০০/-(চার লক্ষ টাকা মাত্র) টাকার ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৪) আলোচনায় প্রশাসক উপজেলা পরিষদ, হরিপুর সভায় জানান যে, অত্র উপজেলায় (১) বনগাঁও উচ্চ বিদ্যালয় (২) যাদুরাণী উচ্চ বিদ্যালয় (৩) বেলুয়া উচ্চ বিদ্যালয় (৪) ঠাকিঠুকি উচ্চ বিদ্যালয় (৫) ধীরগঞ্জ উচ্চ বিদ্যালয় (৬) আরডিএম উচ্চ বিদ্যালয় (৭) লহুচাঁদ উচ্চ বিদ্যালয় (৮) বীরগড় দেহট্ট কারিগরি স্কুল এন্ড কলেজ (৯) জীবনপুর নিম্নমাধ্যমিক বিদ্যালয় (১০) হরিপুর দ্বিমুখী বালিকা উচ্চ বিদ্যালয় (১১) বহতি উচ্চ বিদ্যালয় (১২) মহেন্দ্রগাঁও উচ্চ বিদ্যালয় (১৩) মেদনীসাগর উচ্চ বিদ্যালয় (১৪) খোলড়া আদর্শ উচ্চ বিদ্যালয়সমূহের মেরামত/সংস্কার বাবদ আবেদন পাওয়া গেছে। বর্ণিত প্রতিষ্ঠানসমূহের মেরামত/সংস্কার করা প্রয়োজন। ১৫টি স্কুল মেরামত/সংস্কার কাজের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুত করতে অনুরোধ করা হলো।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে- |
|---|---|
| অত্র উপজেলার আওতায় (১) বনগাঁও উচ্চ বিদ্যালয় (২) যাদুরাণী উচ্চ বিদ্যালয় (৩) বেলুয়া উচ্চ বিদ্যালয় (৪) ঠাকিঠুকি উচ্চ বিদ্যালয় (৫) ধীরগঞ্জ উচ্চ বিদ্যালয় (৬) আরডিএম উচ্চ বিদ্যালয় (৭) লহুচাঁদ উচ্চ বিদ্যালয় (৮) বীরগড় দেহট্ট কারিগরি স্কুল এন্ড কলেজ (৯) জীবনপুর নিম্নমাধ্যমিক বিদ্যালয় (১০) হরিপুর দ্বিমুখী বালিকা উচ্চ বিদ্যালয় (১১) বহতি উচ্চ বিদ্যালয় (১২) মহেন্দ্রগাঁও উচ্চ বিদ্যালয় (১৩) মেদনীসাগর উচ্চ বিদ্যালয় (১৪) খোলড়া আদর্শ উচ্চ বিদ্যালয়সমূহের মেরামত/সংস্কার করার জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো। | ১। প্রশাসক, উপজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৫) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০, অনুচ্ছেদ ৩ মোতাবেক অপ্রত্যাশিত খাত হতে প্রাকৃতিক দুর্যোগে ২০,০০০/- টাকা, শিক্ষা সহায়তা বাবদ ১০,০০০/- টাকা, আর্থিক সহায়তা বাবদ ১৫,০০০/- টাকা, বিজ্ঞান মেলায় অংশগ্রহণের জন্য অনুদান ১০,০০০/- টাকা গ্যাস সিলিন্ডার অগ্নি দহন বাবদ ১০,০০০/- হিজরাদের অনুদান ৫,০০০/- সর্বমোট=৭০,০০০/- টাকা পরিশোধের অনুমোদন প্রয়োজন।

| সিদ্ধান্ত ঃ | বাস্তবায়নে |
|---|---|
| অপ্রত্যাশিত খাত হতে ব্যয়কৃত ৭০,০০০/- টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। প্রশাসক, উজেলা পরিষদ, হরিপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর |

(০৬) উপজেলা নিবহী অফিসার অত্র উপজেলার ২০২৫-২৬ অর্থবছরের সম্ভাব্য বাজেট প্রস্তুতকরতঃ সভায় উপস্থাপন করেন। উক্ত বাজেটের আয় ব্যয় বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উক্ত বাজেট সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং উহার কপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অতপরঃ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/০৫/২০২৫

মোঃ শাফিউল মাজলুবিন রহমান
প্রশাসক, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা
হরিপুর, ঠাকুরগাঁও

স্মারক নং:০৫.৫৫.৯৪৫১.০০০.০৩.০০৩.২৫-৪৭২

তারিখঃ ২৮/০৫/২০২৫খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো;

০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, রংপুর বিভাগ, রংপুর
০২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও
০৩। উপজেলা ........................................................কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও
০৫। চেয়ারম্যান ............................................................(সকল) ইউপি, হরিপুর, ঠাকুরগাঁও

২৮/০৫/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
হরিপুর, ঠাকুরগাঁও